গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
ই-গভর্নেন্স-২ অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩১.২২.০০৩.১৯. ২৭

তারিখ: ১৬ শ্রাবণ ১৪২৬ / ৩১ জুলাই ২০১৯

**প্রজ্ঞাপন**

সামাজিক যোগাযোগ-মাধ্যম ব্যবহার করে কিছু স্বার্থান্বেষী মহল গুজব এবং নানা ধরনের অসত্য তথ্য ছড়িয়ে বর্তমানে দেশে অস্থিরতা সৃষ্টির অপচেষ্টায় লিপ্ত আছে। এ কাজে ব্যবহার করা হচ্ছে দেশের কোমলমতি শিশুসহ যুবসমাজকে, যা দেশের আইন-শৃঙ্খলার সার্বিক উন্নয়ন কার্যক্রমে প্রতিবন্ধকতা সৃষ্টিসহ সমাজে অস্থিরতা তৈরি করছে। বিধায় স্থানীয় পর্যায়ে সামাজিক যোগাযোগ-মাধ্যম ব্যবহারকারীদের মধ্যে সচেতনতা বৃদ্ধির জন্য জেলা ও উপজেলা পর্যায়ে নিম্নোক্তভাবে কমিটি গঠন ও কার্যপরিধি নির্ধারণ করা হলো:

ক. জেলা কমিটির রূপরেখা :

| | |
|---|---|
| ১. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) | -আহ্বায়ক |
| ২. অতিরিক্ত পুলিশ সুপার (হেড কোয়ার্টার) | - সদস্য |
| ৩. সিভিল সার্জনের প্রতিনিধি | - সদস্য |
| ৪. জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | - সদস্য |
| ৫. উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর | - সদস্য |
| ৬. উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর | - সদস্য |
| ৭. উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর | - সদস্য |
| ৮. জেলা তথ্য অফিসার | - সদস্য |
| ৯. জেলা কালচারাল অফিসার | - সদস্য |
| ১০. একজন নির্বাচিত জনপ্রতিনিধি (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | - সদস্য |
| ১১. স্থানীয় একজন গণ্যমান্য ব্যক্তি (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | - সদস্য |
| ১২. একজন মিডিয়া ব্যক্তিত্ব (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | - সদস্য |
| ১৩. স্কুল/কলেজের একজন শিক্ষক (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | - সদস্য |
| ১৪. স্থানীয় মসজিদের একজন ইমাম (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | - সদস্য |
| ১৫. সহকারী কমিশনার (আইসিটি) | সদস্য-সচিব |

কমিটির কার্যপরিধি:

ক। জেলা প্রশাসনের তত্ত্বাবধানে পরিচালিত সোশ্যাল মিডিয়া পেজ/গ্রুপের সদস্য সংখ্যা বৃদ্ধি এবং সরকারের ইতিবাচক কাজসমূহ জনগণের নিকট তুলে ধরা;

খ। স্থানীয় যুব সম্প্রদায়, সাংস্কৃতিক কর্মী, লেখক, সাংবাদিক, গণ্যমান্য ব্যক্তি, শিক্ষক, ধর্মীয় নেতাগণকে জেলা প্রশাসনের সোশ্যাল মিডিয়া পেজ/গ্রুপে এবং স্বীয় পেজে সমাজে সৃজনশীলতা, উদ্ভাবন এবং ইতিবাচক চিন্তার বিকাশ ঘটানো;

গ। জেলা প্রশাসনের তত্ত্বাবধানে আলোচনা সভা, সেমিনার, ছোট ছোট গ্রুপে আলোচনার মাধ্যমে বিভিন্ন ধরনের অপপ্রচার, পারস্পরিক বিদ্বেষ, গুজব, অশ্লীল ও সমাজবিরোধী পোস্ট প্রতিহতকরণে উদ্বুদ্ধ করা;

ঘ। জাতীয় ঐক্য ও চেতনার পরিপন্থি কোনোরূপ মন্তব্য বা কন্টেন্ট, কোনো সম্প্রদায়ের ধর্মীয় অনুভূতিতে আঘাত লাগতে পারে এরূপ কোনো মন্তব্য, কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা রাষ্ট্রকে হেয় প্রতিপন্ন করে এরূপ কোনো পোস্ট;

Sherer

ঙ। জনমনে অসন্তোষ বা অপ্রীতিকর মনোভাব সৃষ্টি করতে পারে এরূপ কোনো মন্তব্য বা কন্টেন্ট;

চ। উল্লিখিত অপপ্রচার বা বিদ্বেষমূলক কাজে কেউ সম্পৃক্ত হলে তাকে উক্ত কাজ থেকে বিরত থাকতে উদ্বুদ্ধ করা, অন্যথায় উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা;

ছ। কমিটি নিয়মিত সভা করবে এবং সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে; এবং

জ। কমিটি প্রয়োজনে কোনো উপযুক্ত ব্যক্তিকে উক্ত কমিটিতে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

খ. <u>উপজেলা কমিটির রূপরেখা:</u>

| | |
|---|---|
| ১. উপজেলা নির্বাহী কর্মকর্তা | -আহ্বায়ক |
| ২. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - সদস্য |
| ৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | - সদস্য |
| ৪. উপজেলা সমাজসেবা অফিসার | - সদস্য |
| ৫. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | - সদস্য |
| ৬. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | - সদস্য |
| ৭. ভারপ্রাপ্ত কর্মকর্তা (থানা) | - সদস্য |
| ৮. উপজেলা সমবায় অফিসার | - সদস্য |
| ৯. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | - সদস্য |
| ১০. একজন নির্বাচিত জনপ্রতিনিধি (ইউএনও কর্তৃক মনোনীত) | - সদস্য |
| ১১. স্থানীয় একজন গণ্যমান্য ব্যক্তি (ইউএনও কর্তৃক মনোনীত) | - সদস্য |
| ১২. একজন মিডিয়া ব্যক্তিত্ব (ইউএনও কর্তৃক মনোনীত) | - সদস্য |
| ১৩. স্কুল/কলেজের একজন শিক্ষক ((ইউএনও কর্তৃক মনোনীত) | - সদস্য |
| ১৪. স্থানীয় মসজিদের একজন ইমাম (ইউএনও কর্তৃক মনোনীত) | - সদস্য |
| ১৫. সহকারী কমিশনার ( ভূমি) | সদস্য-সচিব |

<u>কমিটির কার্যপরিধি:</u>

ক। উপজেলা প্রশাসনের তত্ত্বাবধানে পরিচালিত সোশ্যাল মিডিয়া পেজ/গ্রুপের সদস্য সংখ্যা বৃদ্ধি এবং সরকারের ইতিবাচক কাজসমূহ জনগণের নিকট তুলে ধরা;

খ। স্থানীয় যুব সম্প্রদায়, সাংস্কৃতিক কর্মী, লেখক, সাংবাদিক, গণ্যমান্য ব্যক্তি, শিক্ষক, ধর্মীয় নেতাগণকে উপজেলা প্রশাসনের সোশ্যাল মিডিয়া পেজ/গ্রুপে এবং স্বীয় পেজে সমাজে সৃজনশীলতা, উদ্ভাবন এবং ইতিবাচক চিন্তার বিকাশ ঘটানো;

গ। উপজেলা প্রশাসনের তত্ত্বাবধানে আলোচনা সভা, সেমিনার, ছোট ছোট গ্রুপে আলোচনার মাধ্যমে বিভিন্ন ধরনের অপপ্রচার, পারস্পরিক বিদ্বেষ, গুজব, অশ্লীল ও সমাজবিরোধী পোস্ট প্রতিহতকরণে উদ্বুদ্ব করা;

ঘ। জাতীয় ঐক্য ও চেতনার পরিপন্থি কোনোরূপ মন্তব্য বা কন্টেন্ট, কোনো সম্প্রদায়ের ধর্মীয় অনুভূতিতে আঘাত লাগতে পারে এরূপ কোনো মন্তব্য, কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা রাষ্ট্রকে হেয় প্রতিপন্ন করে এরূপ কোনো পোস্ট;

ঙ। জনমনে অসন্তোষ বা অপ্রীতিকর মনোভাব সৃষ্টি করতে পারে এরূপ কোনো মন্তব্য বা কন্টেন্ট; এবং

চ। উল্লিখিত অপপ্রচার বা বিদ্বেষমূলক কাজে কোনো ব্যক্তি সম্পৃক্ত হলে তাকে উক্ত কাজ থেকে বিরত থাকতে উদ্বুদ্ধ করা, অন্যথায় উক্ত ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা;

ছ। কমিটি নিয়মিত সভা করবে এবং সভার কার্যবিবরণী জেলা প্রশাসকের নিকট প্রেরণ করবে; এবং

Shereoz

জ। কমিটি প্রয়োজনে কোনো উপযুক্ত ব্যক্তিকে উক্ত কমিটিতে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

২। বিভাগীয় কমিশনারগণ স্বীয় অধিক্ষেত্রে কমিটির কার্যক্রমসমূহ নিবিড়ভাবে পরিবীক্ষণ করতে পারেন।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

৩১.৭.১৯

মোছাঃ শিরিন সবনম
উপসচিব
ফোন: ৪৭১১১৯৪৯৭
ই-মেইল:
eg_sec2@cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮৩১.২২.০০৩.১৯. ২৭

তারিখ: ১৬ শ্রাবণ ১৪২৬ / ৩১ জুলাই ২০১৯

বিতরণ:

১. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব/সচিব (সকল)।
৩. অতিরিক্ত সচিব (সংস্কার)/ (জেলা ও মাঠপ্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়।
৪. বিভাগীয় কমিশনার (সকল)।
৫. জেলা প্রশাসক (সকল)।
৬. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৭. উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রজ্ঞাপনটি অতিরিক্ত গেজেট আকারে প্রকাশের অনুরোধসহ)।